

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এন বিভাগ-২, ঢাকা।			
নং- ২৬০০	জন্মিখঃ ২৬/৬/২৪		
প্রঃসঃ	সঃসঃ	উঃ বিঃসঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd
সংস্থাপন শাখা-৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০১(অংশ-১৫).২৩-২৫৫২/৪

তারিখঃ ০৬-৬-১৪৩১বঙ্গাব্দ
২৬-৬-২০২৪খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১ম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে শ্রেণি উন্নতির লক্ষ্যে তালিকাভুক্তির রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার অনুমতি প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানকে গণপূর্ত অধিদপ্তরের অধীন ২০২৩-২০২৪ সনের ১ম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে শ্রেণি উন্নতি করা হলো।

শর্তাবলীঃ-

- ঠিকাদারি প্রতিষ্ঠানকে ২০২৩-২০২৪ সনের তালিকাভুক্তির রেজিস্ট্রেশন ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা ও ১৫% মূল্য সংযোজন করসহ (মুসক) সর্বমোট=৫,৭৫০.০০ (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা যে কোন গণপূর্ত বিভাগে আগামী ২৫/০৭/২০২৪ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। এ সময়ের মধ্যে কোন ঠিকাদারি প্রতিষ্ঠান তালিকাভুক্তির ফি জমা প্রদানে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ প্রাপ্তির লক্ষ্যে আগামী ৩১/০৭/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে আবেদনসহ রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার মূল রশিদ, মালিক/ব্যবস্থাপনা পরিচালক/অংশিদার/চেয়ারম্যান এর ৭ (সাত) কপি ছবি এবং ৫(পাঁচ) সেট নমুনা স্বাক্ষরের জন্য অত্র দপ্তরের নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম) এর দপ্তর স্বশরীরে উপস্থিত হতে হবে। আবেদনপত্র জমা দেয়ার সময় মূল এবিসি, সুপারভাইজারী লাইসেন্স ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম) এর নিকট দাখিল করতে হবে। দাখিলকৃত কাগজপত্রাদি যাচাইয়ে সঠিক পাওয়া গেলে তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ জারি করা হবে। তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ গ্রহণের সময় বিদ্যমান তালিকাভুক্তির রেজিস্ট্রেশন বই অত্র দপ্তরে জমা দিতে হবে।
- ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ভুয়া/জাল প্রমাণিত হলে তালিকাভুক্তির আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল বলে বিবেচিত হবে এবং পিপিআর-২০০৮ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঠিকাদারি প্রতিষ্ঠানের তালিকাঃ-

ক্রঃনং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বোর্ড সভার সিদ্ধান্ত
১.	নূর ট্রেডার্স মালিক-নূর আলম সোহাগ ঠিকানা-৫১, নয়া পল্টন, ঢাকা।	২০২৩-২০২৪ সনে ১ম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি হিসেবে শ্রেণি উন্নতি করা হলো।
২.	মেসার্স হানিফ কনস্ট্রাকশন মালিক-মোঃ নজরুল ইসলাম ঠিকানা-দক্ষিণ বড় লবনগোলা, বরগুনা সদর, বরগুনা।	-ঐ-
৩.	ট্রেড স্পীন মালিক-মোঃ আতিকুল ইসলাম ঠিকানা-৫৫৩ ভি.টি রোড, আশ্রাফ মার্কেট, কদমতলী, চট্টগ্রাম।	-ঐ-
৪.	মেসার্স হানিফ এন্ড ব্রাদার্স মালিক-মোঃ হানিফ ঠিকানা-বোসপাড়া, বোয়ালিয়া, রাজশাহী।	-ঐ-

উপরোক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ও ঠিকানায় কোন রকম গড়মিল পরিলক্ষিত হলে সংশোধনের জন্য ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(নন্দিতা রাণী সাহা)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২-২২৩৩৮০৯৯৯

ই-মেইল: se_est@pwd.gov.bd

তারিখঃ ০৬-৬-১৪৩১বঙ্গাব্দ
২৬-৬-২০২৪খ্রিষ্টাব্দ

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০১(অংশ-১৫).২৩-২৫৫২/৪(৬)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- নির্বাহী প্রকৌশলী..... গণপূর্ত বিভাগ.....। উপরোক্ত ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক রেজিস্ট্রেশন ফি জমা প্রদানে আগ্রহী হলে তা গ্রহণ পূর্বক রশিদ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা। (আদেশটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- গার্ড ফাইল।

(আইনুন নাহার এগামি)

নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৪৫৫৪

ই-মেইল: ee_om@pwd.gov.bd